

**৪ৰ্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায়
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কর্ম-পরিকল্পনা**

প্রমিত মানের শিক্ষাকাঠামো বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে সরকার বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (বিএনকিউএফ) প্রণয়ন করেছে। প্রত্যেক উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের জন্য বিএনকিউএফ বাস্তবায়ন বাধ্যতামূলক করা হয়েছে। ৪ৰ্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জকে বিবেচনায় নিয়ে বিএনকিউএফ-এ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত প্রতিটি প্রোগ্রামে শিক্ষার্থীর মৌলিক জ্ঞান ও দক্ষতা (fundamental skills) হিসেবে উচ্চতর ডিজিটাল জ্ঞান (advanced digital literacy) অর্জনকে আবশ্যিক করা হয়েছে। তাই বিশ্ববিদ্যালয়সমূহ বিএনকিউএফ এর আলোকে উচ্চতর ডিজিটাল জ্ঞানকে অন্তর্ভুক্ত করে শিখনফল ভিত্তিক শিক্ষা কারিকুলাম (outcome-based education curriculum) প্রণয়ন ও বাস্তবায়ন করলে ভবিষ্যৎ গ্র্যাজুয়েটগণ ৪ৰ্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রস্তুত হওয়ার পথ সুগম হবে। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন ২০১৭ এর ধারা ১৭(২) অনুসারে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে বিএনকিউএফ বাস্তবায়ন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের আইনগত দায়িত্ব। বর্ণিত অবস্থায়, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এর কার্যক্রমের সাথে সংগতিপূর্ণ হিসেবে ৪ৰ্থ শিল্প বিপ্লবে বাংলাদেশের সক্রিয় ও কার্যকর অংশগ্রহণ নিশ্চতকল্পে নিম্নোক্ত কর্ম-পরিকল্পনা গ্রহণ করা হল-

ক্রমিক	কার্যক্রম	সম্পাদনের সময় সীমা	মন্তব্য
১	বিএনকিউএফ এর যথাযথ বাস্তবায়নের জন্য সকল উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে এর কপিসহ পত্র প্রেরণ	৩১ জানুয়ারি ২০২৩	
২	৪ৰ্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন শীর্ষক সার্টে সম্পাদন	ডিসেম্বর ২০২৪ সাল	
৩	অংশীজনদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন	ধারাবাহিকভাবে চলবে	

কর্ম-পরিকল্পনার সম্ভাব্য ফল (expected result of the action-plan): শিক্ষার্থীদের মধ্যে উচ্চতর ডিজিটাল জ্ঞান বিস্তারের মাধ্যমে বাংলাদেশের ভবিষ্যৎ গ্র্যাজুয়েটদের ৪ৰ্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলার জন্য প্রস্তুত করা প্রয়োজন। সরকার অনুমোদিত ফ্রেমওয়ার্কে উচ্চশিক্ষায় উচ্চতর ডিজিটাল জ্ঞান অর্জন স্বার জন্য আবশ্যিক করা হয়েছে। কর্মপরিকল্পনাটি বাস্তবায়ন হলে শিখনফল ভিত্তিক শিক্ষা কারিকুলামে ডিজিটাল কনটেন্ট অন্তর্ভুক্তির স্বরূপ বিশ্লেষণ এবং বাস্তবায়নের সুযোগ ও সীমাবদ্ধতা বিষয়ে বাস্তব (emperical) জ্ঞান অর্জন করা যাবে। অর্জিত জ্ঞানের আলোকে এ সংক্রান্ত বাস্তবসম্মত (realistic) ও কার্যকর (effective) কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা সম্ভব হবে।

31/10/22

Professor Dr. Mesbahuddin Ahmed
Chairman
Bangladesh Accreditation Council
1 Minto Road, Ramna, Dhaka-1000